দৈনিক
ইত্তেফাক

তারিখ ..01 FEB 2008...
পৃষ্ঠা ৩ কলাম ৮.....

# ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটিতে পুরস্কারপ্রাপ্ত শিক্ষা কার্যক্রম

সম্প্রতি ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)তে যুক্তরাষ্ট্রের মিনেসোটা অঙ্গরাজ্যের বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের বিশজন শিক্ষার্থী এক মাসব্যাপী তাদের বাংলাদেশে শিক্ষাসফর সম্পন্ন করেছে। উল্লেখ্য, ১৯৯৯ সাল থেকে প্রতি বছর ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি) ও যুক্তরাষ্ট্রের হায়ার এডুকেশন্যাল কনসোর্টিয়াম ফর আরবান এ্যাফেয়ার্স-এর যৌথ উদ্যোগে এই কর্মসূচিটি পরিচালিত হচ্ছে। যৌথ এই প্রোগ্রামটি ২০০৬ সালে যুক্তরাষ্ট্রের ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল এডুকেশন কর্তৃক সম্মানসূচক এ্যান্ড্রু হিস্কেন এ্যাওয়ার্ডে ভূষিত হয়।

আইইউবি-র স্কুল অফ এনভায়রনমেন্টাল সায়েন্স এ্যান্ড ম্যানেজমেন্ট বিভাগের পরিচালক অধ্যাপক হারুন অর রশীদ এবং যুক্তরাষ্ট্রের ম্যাকলেস্টার কলেজের ধর্মতত্ত্বের অধ্যাপক জিম লেইন-এর যৌথ তত্ত্বাবধানে আলোচ্য শিক্ষার্থীরা বাংলাদেশের স্বাস্থ্য, শিক্ষা, ক্ষুদ্রঋণ, গ্রামীণ অর্থনীতি, কৃষিসহ বিভিন্ন বিষয়ে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জন করে। এদেশের গ্রামীণ জীবন ও অর্থনীতি সম্পর্কে জানতে তারা দু'সপ্তাহ মানিকগঞ্জে এবং সপ্তাহকাল শ্রীমঙ্গলে অবস্থান করে। ঢাকায় অবস্থানকালে শিক্ষার্থীরা এদেশের জাতীয় নিদর্শনসমূহ এবং শহরের বিভিন্ন বস্তি এলাকা পরিদর্শন করে। -প্রেস বিজ্ঞপ্তি.